# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-01-2025 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) এসএসসির ২৬ হাজার চাকরি বাতিল মামলায় সুপ্রিম কোর্টের আজকের শুনানিতে কোন মীমাংসা হয়নি। পরবর্তী শুনানি ১০-ই ফেব্রুয়ারী।

এদিকে, শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি সহ বিভিন্ন অভিযোগে এস এফ আই-এর বিকাশভবন অভিযানকে কেন্দ্র করে আজ তুলকালাম বাধে।

২) আরজি কর-কাণ্ডে দোষীর ফাঁসির দাবিতে রাজ্যের আর্জির এক্তিয়ার নিয়ে হাইকোর্টে মামলার শুনানি শেষ হয়েছে। নির্যাতিতার পরিবার জানিয়েছে, তারা সঞ্জয়ের ফাঁসি চায় না। বিচারক রায়দান স্থগিত রেখেছেন।

৩) রাজ্য মেডিকেল কাউন্সিলের স্বাভাবিক কাজকর্মে বাধা দেওয়ার অভিযোগ তুলে চার সিনিয়র চিকিৎসকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

এদিকে, রাজ্যে তৃণমূল কংগ্রেস প্রভাবিত একটি নতুন চিকিৎসক সংগঠনের আজ সূচনা হয়েছে।

৪) সীমান্ত এলাকায় সুরক্ষা আরও বাড়াতে একটি আউটপোস্ট তৈরির জন্য বিএসএফ-কে জমি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে।

বিভিন্ন দফতরে ৬০-টি শূন্য পদে নিয়োগ সংক্রান্ত প্রস্তাবও গৃহীত ।

৫) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে ১০-ই ফেব্রুয়ারী।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট, ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি ।

০০০০০০০০০০০০০০০০০০০০

এসএসসির ২৬ হাজার চাকরি বাতিল মামলায় সুপ্রিম কোর্টের আজকের শুনানির সময় প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চ নতুন করে পরীক্ষা নেওয়া সম্ভব কিনা, সেই প্রশ্ন তুলেছেন।

প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চে প্রায় ২ ঘণ্টা ধরে এই শুনানি চলে। মূল মামলাকারীদের হয়ে সওয়াল করেন আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য ও ফিরদৌস শামীম।

বিকাশরঞ্জনবাবু জানান, অনেকে আবেদন না করেও চাকরি পেয়েছেন। সেক্ষেত্রে যারা চাকরির আবেদন করেছিলেন, তাদের আবার নতুন করে পরীক্ষা নেওয়া যেতে পারে।

ওএমআর সিটের নম্বর নিয়ম মেনে প্রকাশ করা হয়েছিল কিনা, প্রধান বিচারপতি তা জানতে চান। জবাবে বিকাশরঞ্জন জানান, মামলা দায়েরের পর আদালতের নির্দেশে ওয়েমারশিট প্রকাশ করা হয়। কিন্তু ফল ঘোষণা অনেক আগেই করা হয়। তিনি গোটা প্যানেল বাতিলের পক্ষে সওয়াল করেন।

আর এক আইনজীবী ফিরদৌসও জানান, প্রাথমিকভাবে একাদশ- দ্বাদশ শ্রেণীর জন্য নিয়োগের ক্ষেত্রে প্রথম দুটি কাউন্সেলিং এবং নবম – দশম শ্রেণীর জন্য তৃতীয় কাউন্সিলিং পর্যন্ত সঠিক পদ্ধতিতে হয়েছে। তারপরের কাউন্সিলিংগুলি হয়েছে মেয়াদ উত্তীর্ণ প্যানেল থেকে। শুনানি চলাকালীন প্রধান বিচারপতি এও জানতে চান, নিয়োগ প্রক্রিয়ায় বৈধ ও অবৈধদের বাছাই করা সম্ভব কিনা। তার জবাবে মামলাকারীদের পক্ষে আর এক আইনজীবী তা সম্ভব নয় বলে জানান।

সওয়াল জবাবের পর ডিভিশন বেঞ্চ নতুনভাবে নিয়োগ করতে গেলে অনেক জটিলতা তৈরি হতে পারে বলে অভিমত প্রকাশ করে।

মামলার পরবর্তী শুনানির দিন ধার্ষ হয়েছে ১০-ই ফেব্রুয়ারী।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ গোটা বিষয়টি নিয়ে রাজনীতি করা হচ্ছে বলে অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন –

(বাইট – কুনাল)

আন্যদিকে, যারা অর্থের বিনিময়ে চাকরি পেয়েছে তাদের বিরুদ্ধে দ্রুত কঠোর ব্যবস্থা নেওয়া দাবি জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সাংবাদিকদের বলেন যারা যোগ্য তারা অবশ্যই চাকরি পান। কিন্তু অযোগ্যদের চাকরি বাতিল করে তাদের দ্রুত শাস্তির ব্যবস্থা করা হোক।

(বাইট - সুকান্ত)

oooooooooooooooooooooooo

শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি এবং রাজ্যের শিক্ষার পরিকাঠামোর অবনতির অভিযোগে বাম ছাত্র সংগঠন এসএফআইয়ের বিকাশ ভবন অভিযানকে কেন্দ্র করে আজ তুলকালাম বাঁধে। এসএফআই কর্মী, সমর্থকরা পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে জড়ান। সল্টলেকের করুণাময়ী থেকে মিছিল বিকাশ ভবনের সামনে পৌঁছনোর পর পুলিশ পথ আটকায়। এসময় অনেক বিক্ষোভকারী রাস্তায় শুয়ে পড়েন। তাঁদের সরানোর চেষ্টা করে পুলিশ। পরে তাঁদের সকলকে আটক করে প্রিজন ভ্যানে তোলা হয়।সংঘাতের জেরে অনেক কর্মীদের আটক করা হয়েছে। এসএফআই-এর তরফে দাবি করা হয়েছে, পুরুষ পুলিশকর্মীরা মহিলা সমর্থকদের মারধোর করেছে। মহিলা কোনও পুলিশই সেই সময়ে ঘটনাস্থলে ছিল না। আটক করা তাঁদের এক সমর্থক অসুস্থ হয়ে পড়লে তাঁকে প্রিজন ভ্যান থেকে নামানো হয়নি। তাঁকে যতক্ষণ না ছাড়া হবে ততক্ষণ বিক্ষোভ চলবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

অন্যদিকে পুলিশের পাল্টা দাবি ওই কর্মসূচির কোনও অনুমতি নেওয়া হয়নি।

ooooooooooooooooooooooooo

এদিক, পাঁচ দফা দাবিতে এসএফআই-এর বিকাশ ভবন অভিযানে পুলিশের আচরণের তীব্র নিন্দা করে বাম যুব সংগঠন DYFI, ছাত্রদের দাবী ও আন্দোলনের প্রতি পূর্ন সংহতি জানিয়েছে। সংগঠনের রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় এবং রাজ্য সভাপতি ধ্রুবজ্যোতি সাহা এক বিবৃতিতে ওই আন্দোলনের প্রতি সংহতি জানানোর পাশাপাশি অবিলম্বে সমস্ত ছাত্র নেতৃত্বের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

আরজি কর-কাণ্ডে দোষীর ফাঁসির দাবিতে রাজ্যের আর্জির এক্তিয়ার নিয়ে হাই কোর্টে করা মামলার শুনানি শেষ হয়েছে। নির্যাতিতার পরিবার অবশ্য জানিয়েছে, এই মামলায় তারা সঞ্জয়ের ফাঁসি চায় না।

দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চে আজ ওই শুনানির শুরুর পরই রাজ্যের গ্রহণ যোগ্যতা নিয়ে প্রশ্ন তোলে সিবিআই। পাল্টা হিসেবে রাজ্যের তরফে বলা হয়, রাষ্ট্রের সাজা মুকুব করার অধিকার আছে। তাই রাজ্যেরও আদালতে আবেদন করার অধিকার রয়েছে। নির্যাতিতার পরিবারের তরফে আইনজীবী শামীম আহমেদ বলেন, রাজ্য এবং সিবিআই-এর আবেদন নিয়ে তাদের কোন বক্তব্য নেই, তবে তারা সর্বোচ্চ সাজা চান না। দুপক্ষের শুনানি শেষে বিচারক অবশ্য রায়দান স্থগিত রাখেন।

এদিকে শুনানিতে উপস্থিত ছিলেন নিহত চিকিৎসকের বাবা-মা। তাঁরা অভিযোগ করেন, রাজ্য বা সিবিআই কেউই মামলার বিষয়ে তাঁদেরকে কিছুই জানায়নি ।

আদালতের বাইরে নির্যাতিতার বাবা বলেন, তারা চান শুধু সঞ্জয় নয়, যারা যারা এই ঘটনার সঙ্গে জড়িত তাদের সকলেরই নাম প্রকাশ্যে আসুক এবং সকলকেই চরম শাস্তি দেওয়া হোক। রাজ্য পুলিশ ও সিবিআই-এর ওপর তারা যে ভরসা রেখেছিলেন, তা পূরণ হয়নি বলেও তিনি দাবি করেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে নির্যাতিতার বাবা-মা-এনিয়ে রাজনীতি করছে। দলের নেতা আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন,

(বাইট – কল্যাণ)

অন্যদিকে, বিজেপি-র পাল্টা দাবি প্রকৃত সত্য উদ্ঘাটনের জন্যই সঞ্জয়ের সর্বোচ্চ শাস্তি আপাতত রদ হওয়া উচিত। দলের নেতা শমিক ভট্টাচার্য বলেন,

(বাইট- শমিক)

oooooooooooooooooooo

রাজ্য মেডিকেল কাউন্সিলের স্বাভাবিক কাজকর্মে বাধা দেওয়ার অভিযোগ তুলে চার সিনিয়র চিকিৎসকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ডা সুবর্ণ গোস্বামী, উৎপল বন্দ্যোপাধ্যায়, রঞ্জন ভট্টাচার্য এবং মানস গুমটা এই চার জনের বিরুদ্ধে বিধান নগর ইলেকট্রনিক্স কমপ্লেক্স থানায় কাউন্সিলের তরফে অভিযোগ দায়ের করা হয়েছে বলে স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে। এই চার চিকিৎসকই আরজি কর আন্দোলনের পুরভাগে ছিলেন।

উল্লেখ্য এর আগে কর্তব্যে গাফিলতির অভিযোগ ওঠায় চিকিৎসক , অভিনেতা কিঞ্জল নন্দ সম্পর্কে বেশ কিছু তথ্য জানতে চেয়ে কাউন্সিলের তরফে আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষকে চিঠি দেওয়া হয়েছিল।

এদিকে রাজ্যে তৃণমূল কংগ্রেস প্রভাবিত একটি নতুন চিকিৎসক সংগঠনের আজ সূচনা হল। চিকিৎসা ক্ষেত্রে বিরোধীদের সমালোচনা ও বিভ্রান্তিমূলক তথ্যের মোকাবিলা করতে প্রোগ্রেসিভ হেলথ অ্যাসোসিয়েশন নামে ওই নতুন সংগঠন টি গড়ে তোলা হয়েছে। রাজ্যের মন্ত্রী শশী পাঁজা আজ কলকাতা প্রেসক্লাবে এই সংগঠনটির সূচনা করেন। আর জি কর নিয়ে সাম্প্রতিক ঘটনাবলির নিন্দা করে তিনি বলেন এই ঘটনায় অনেক বিভ্রান্তিমূলক তথ্য ছিল যা শক্তিশালী সংগঠন না থাকায় মোকাবিলা করা যায়নি। আন্দোলনরত চিকিৎসকরাও যদি এই সংগঠনে যোগ দিতে চান তাহলে তাদের সুযোগ দেওয়া হবে ।নতুন এই সংগঠন স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে রাজ্য সরকারের সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করবে বলে তিনি জানিয়েছেন।

আগামী আটই ফেব্রুয়ারি সংগঠনের কার্যকরী সমিতির প্রথম বৈঠক বসবে । শশী পাঁজাই সংগঠনের সভাপতি হিসেবে কাজ করবেন। শাসক দল প্রভাবিত আরেকটি চিকিৎসক সংগঠন প্রোগ্রেসিভ ডক্টরস অ্যাসোসিয়েশনের ভূমিকা নিয়েও আজ প্রশ্ন তোলেন তিনি।

oooooooooooooooooo

সীমান্ত এলাকায় সুরক্ষা আরও বাড়াতে রাজ্য সরকার একটি আউটপোস্ট তৈরির জন্যে সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফ-কে জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এজন্য নদীয়ার করিমপুরে বিএসএফ-কে জমি দেওয়ার একটি প্রস্তাব গৃহীত হয়েছে। বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকারের এই সিদ্ধান্ত যথেষ্ট তাৎপর্যপূর্ন বলেই মনে করা হচ্ছে।

আজকের বৈঠকে স্বরাষ্ট্র ও পার্বত্য, বিচার বিভাগীয়, নারী ও শিশু সুরক্ষা দপ্তরে ৬০টি শূন্য পদে স্থায়ী নিয়োগ সংক্রান্ত আরও একটি প্রস্তাবও গ্রহণ করা হয়। সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবলারদের সরকার রাজ্য পুলিশের চাকরির যে নিয়োগপত্র তুলে দিয়েছে তাদের মধ্যে কয়েকজন শারীরিক মাপজোকের ক্ষেত্রে নূন্যতম শর্ত পূরন না করায় তাদের এক্ষেত্রে ছাড় দেওয়া হবে বলেও বৈঠকে সিদ্ধান্ত হয়। ৫ ও ৬ ফেব্রুয়ারী বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনের জন্যে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের ভিত্তিতে কাজ করার জন্যে মুখ্যমন্ত্রী বৈঠকে নির্দেশ দেন।

oooooooooooooooooooooo

পরিবহন দপ্তরের ৮৮১ জন চুক্তিভিত্তিক কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা । বাসচালক এবং কন্ডাক্টর পদে এই চুক্তিভিত্তিক কর্মীরা কাজ করবেন বলেও বৈঠকে স্হির হয়েছে।

উল্লেখ্য, অফিস ছুটির সময় শহরের রাস্তায় বাসের সংখ্যা বাড়ানোর নির্দেশ দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি । কিছুদিন আগে রাজ্য প্রশাসনিক বৈঠকে

পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তীকে বাস বাড়ানো সহ পরিবহন সংক্রান্ত সমস্যা খতিয়ে দেখার নির্দেশ দেন। । সেই সময় জানা গিয়েছিল চালক ও কনডাকটারের অভাব রয়েছে । ডিপো তে বাস থাকলেও চালকের অভাবে রাস্তায় নামানো যাচ্ছে না। দপ্তর সূত্রে খবর প্রতিমাসে গড়ে প্রায় ১৫ জন চালক কন্ডাক্টর অবশ্যই নিচ্ছেন তার জায়গায় নতুন করে লোক নেওয়া সম্ভব হচ্ছে না ।এই সমস্যার সমাধানের জন্যই আপাতত চুক্তিভিত্তিক চালক কন্ডাক্টর নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামী ১০ই ফেব্রুয়ারি । প্রথমদিন শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। সপ্তাহখানেক এই অধিবেশন চলবে বলে পরিষদীয় দফতর সূত্রে জানা গেছে। তবে, আগামী আর্থিক বছরের জন্য বাজেট পেশের দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি।

০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে, খেলা গোলশূন্য।

উল্লেখ্য, দুই দলই ১৭ টি করে ম্যাচ খেলেছে। মোহনবাগান ৩৭ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকায় শীর্ষে। , ব্যাঙ্গালুরু ২৮ পয়েন্ট নিয়ে রয়েছে তৃতীয় স্থানে ।

০০০০০০০০০০০০০০০০০

মাঘ মাসের মাঝামাঝিতেও রাজ্যে জাঁকিয়ে শীতের দেখা নেই। তবে গত ২৪ ঘণ্টায় তাপমাত্রা কিছুটা নিম্নমুখী হওয়ায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় হাল্কা শীতের আমেজ অনুভূত হচ্ছে। আগামী দু-এক দিনে তাপমাত্রা আরও কিছুটা কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাষ।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। দুটি তাপমাত্রাই স্বাভাবিকের শূন্য দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস নীচে।

oooooooooooooooooooo